midlandbank
bank for inclusive growth

মিডল্যান্ড ব্যাংক শিক্ষাবৃত্তি কর্মসূচি

আবেদনপত্র পূরণের নির্দেশিকা ও প্রয়োজনীয় কাগজপত্র

প্রিয় আবেদনকারী,

আপনাকে স্বাগতম। আবেদনপত্র পূরণের পূর্বে অনুগ্রহ করে এই নির্দেশিকাটি মনোযোগসহকারে পড়ুন। এতে আবেদনপত্র পূরণের নিয়ম, প্রয়োজনীয় কাগজপত্র এবং গুরুত্বপূর্ণ নির্দেশনা উল্লেখ করা হয়েছে। আবেদনপত্র পূরণের আগে সকল কাগজপত্র সংগ্রহ করে নিলে আবেদন সম্পন্ন করা সহজ হবে এবং ভুলের সম্ভাবনা কমে যাবে।

১। **আবেদনপত্র**
- যথাযথভাবে পূরণ করা আবেদনপত্রে আবেদনকারী স্বাক্ষর থাকতে হবে। আবেদনপত্রের তথ্য ও সংযুক্ত কাগজপত্রের তথ্য একই হতে হবে।

২। **ছবি**
- আবেদনকারী এবং পিতা ও মাতা অথবা আইনগত অভিভাবকের প্রত্যেকের ১ (এক) কপি করে সাম্প্রতিক পাসপোর্ট সাইজের রঙিন ছবি (গত ৬ মাসের মধ্যে তোলা)।

৩। **আবেদনকারীর পরিচয়পত্র**
- আবেদনকারীর জাতীয় পরিচয়পত্র (NID) অথবা জন্মনিবন্ধন সনদ।

৪। **পিতা, মাতা বা আইনগত অভিভাবকের পরিচয়পত্র**
- পিতা, মাতা বা আইনগত অভিভাবকের জাতীয় পরিচয়পত্রের অনুলিপি।

৫। **SSC/সমমান পরীক্ষার কাগজপত্র**
- নম্বরপত্র/ট্রান্সক্রিপ্ট ও সনদের অনুলিপি।

৬। **HSC/সমমান পরীক্ষার কাগজপত্র**
- নম্বরপত্র/ট্রান্সক্রিপ্ট ও সনদের অনুলিপি।

৭। **সরকারি বিশ্ববিদ্যালয়/সরকারি মেডিকেল কলেজ/সরকারি প্রকৌশল বিশ্ববিদ্যালয়/বেসরকারি বিশ্ববিদ্যালয়/সরকারি ডেন্টাল কলেজে ভর্তির কাগজপত্র**
- ভর্তি পরীক্ষার ফলাফল বা মেধাতালিকা, Admission Letter, Student ID/Registration Slip অথবা ভর্তি রসিদের অনুলিপি।

৮। **আয়সংক্রান্ত কাগজপত্র**
- পিতা/মাতা/অভিভাবক চাকরিজীবী হলে সংশ্লিষ্ট প্রতিষ্ঠান কর্তৃক প্রদত্ত বার্ষিক আয়ের সনদপত্র এবং অন্যান্য পেশার ক্ষেত্রে শিক্ষাপ্রতিষ্ঠানের প্রধান, ইউনিয়ন পরিষদ অথবা ওয়ার্ড কাউন্সিলর কর্তৃক সত্যায়িত পারিবারিক আয়ের সনদপত্র।

৯। **স্থায়ী ঠিকানার প্রমাণ**
- যেকোনো একটি: বিদ্যুৎ/গ্যাস/পানির বিল, হোল্ডিং ট্যাক্স রসিদ অথবা ইউনিয়ন পরিষদ/পৌরসভা/সিটি কর্পোরেশনের সনদ।

১০। **বর্তমানে অন্য কোনো বৃত্তি গ্রহণ করলে**
- বৃত্তি প্রদানকারী প্রতিষ্ঠানের প্রত্যয়নপত্র, অনুমোদনপত্র অথবা বৃত্তির পরিমাণ উল্লেখ রয়েছে এমন দলিল।

১১। **সহশিক্ষা কার্যক্রমের সনদ**
- খেলাধুলা, বিতর্ক, বিজ্ঞান মেলা, অলিম্পিয়াড, স্কাউটিং, সংগীত, নাটক, ICT/Programming, স্বেচ্ছাসেবা বা অন্যান্য বিষয়ে সর্বোচ্চ ১ (এক)টি সনদের অনুলিপি (যদি থাকে)।

১২। **এতিম আবেদনকারীর ক্ষেত্রে**
- পিতা অথবা মাতার মৃত্যুসনদের অনুলিপি।

১৩। **প্রতিবন্ধী আবেদনকারীর ক্ষেত্রে**
- সরকারি কর্তৃপক্ষ কর্তৃক ইস্যুকৃত প্রতিবন্ধিতা সনদের অনুলিপি।

১৪। **অন্যান্য প্রয়োজনীয় কাগজপত্র**
- বিশেষ আর্থিক অসচ্ছলতার প্রমাণপত্র, আদালত কর্তৃক অভিভাবক নিয়োগের কাগজপত্র অথবা অন্যান্য প্রাসঙ্গিক দলিল (যদি প্রযোজ্য হয়)।

আবেদন জমা দেওয়ার পূর্বে নিশ্চিত করুন

- আবেদনপত্র সম্পূর্ণ ও সঠিকভাবে পূরণ করা হয়েছে।
- আবেদনকারী ও পিতা/মাতা/অভিভাবকের স্বাক্ষর রয়েছে।
- সকল আবশ্যিক কাগজপত্র সংযুক্ত করা হয়েছে।
- সকল ফটোকপি স্পষ্ট ও পাঠযোগ্য রয়েছে।
- আবেদনপত্রের তথ্যের সঙ্গে সংযুক্ত কাগজপত্রের তথ্যের মিল রয়েছে।
- আবেদনপত্র ও সংযুক্ত কাগজপত্র সঠিক ক্রমে সাজানো হয়েছে।
- আবেদন জমা দেওয়ার সময় সকল মূল কাগজপত্র সঙ্গে আনা হয়েছে।

প্রয়োজনে Midland Bank PLC. অতিরিক্ত তথ্য বা কাগজপত্র চাইতে পারবে।

দ্রষ্টব্য: অসম্পূর্ণ আবেদনপত্র, প্রয়োজনীয় কাগজপত্র ব্যতীত আবেদন অথবা ভুল/মিথ্যা তথ্যসংবলিত আবেদন বাতিল বলে গণ্য হবে। Midland Bank PLC. প্রয়োজনে অতিরিক্ত কাগজপত্র বা তথ্য চাইতে পারবে এবং বৃত্তি প্রদানের ক্ষেত্রে ব্যাংকের সিদ্ধান্তই চূড়ান্ত বলে বিবেচিত হবে।